

স্মারক নং- আলিয়াবাদ/ইউপি/২০২৩-

তারিখঃ ২০/০৭/২০২৩ খ্রি.

আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|------------|---|---|
| সভাপতি | : | মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, আলিয়াবাদ ইউপি। |
| সভার তারিখ | : | ২০/০৭/২০২৩ খ্রি. |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | : | ইউপি কার্যালয় সভাকক্ষ |

সভায় উপস্থিতির স্বাক্ষর পরিশিষ্ট 'ক'

| ক্রঃনং | নাম | পদবী/ পেশা | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|--------|-------------------|-----------------------|--------------|------------|
| ১ | মোঃ ওমর ফারুক | ইউপি চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | মোঃ আনোয়ার সেক | অবসরপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য | স্বাক্ষরিত |
| ৩ | মোঃ রুবেল খান | পরিষদ সদস্য (পুরুষ) | সদস্য | স্বাক্ষরিত |
| ৪ | পলি বেগম | পরিষদ সদস্য (মহিলা) | সদস্য | স্বাক্ষরিত |
| ৫ | মোঃ হাসিবুল হাসান | আনসার ভিডিপি দলনেতা | সদস্য | স্বাক্ষরিত |
| ৬ | মোঃ শহিদুল ইসলাম | পরিষদের দফাদার | সদস্য-সচিব | স্বাক্ষরিত |

অধ্যকার সভার সভাপতি জনাব মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, আলিয়াবাদ ইউপি, সাহেব সভাপতির আসন গ্রহন করেন এবং যথাসময়ে সভার কাজ শুরু করেন।

১ নং আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। উহা কোন প্রকার সংশোধনী না থাকায় তাহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহিত ও অনুমোদিত হয়।

২নং আলোচনা ও সিদ্ধান্তঃ আলোচ্যসূচী অনুযায়ী প্যানেল সভাপতি সাহেব সভাকে অবহিত করেন যে, ইউনিয়নের সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে। কোন মহল বা গোষ্ঠি যাতে সরকারের ভাবমূর্তি নষ্ট করতে না পারে সেদিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে। সমাজে যাতে সকল ধর্মের মানুষের মাঝে যাতে সামাজিক সম্প্রীতি বজায় থাকে সেজন্য সবাইকে দায়িত্ব পালন করতে হবে। ইউনিয়নের কোথাও মাদক, সন্ত্রাসী, জুয়া, চোরাকারবারিসহ যেকোন সামাজিক বিশৃংখলা এবং বেআইনি কোন কার্যক্রম সংগঠিত হলে প্রশাসন ও আইন শৃংখলা বাহিনীকে অবহিত করতে সকলকে অনুরোধ করা হয়।

গ্রাম আদালত সহকারী তাজিরা আক্তার বলেন যে, বিগত মাসে অত্র ইউনিয়নের গ্রাম আদালতের এখতিয়ারভুক্ত মোট ২টি ফৌজদারি ও ২টি দেওয়ানী মামলা দায়ের হয়েছে এবং ৮০,৫০০/- টাকা ক্ষতিপূরণ আদায় করা হয়েছে। গ্রাম আদালত কার্যক্রম আরো জোর দারা করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।

অতঃপর সভায় আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ওমর ফারুক)
চেয়ারম্যান
আলিয়াবাদ ইউনিয়ন পরিষদ
ফরিদপুর সদর, ফরিদপুর।